

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫০০৯

৬৬/ আল-কুরআনের ফাযীলাতসমূহ (كتاب فضائل القرآن) পরিচ্ছেদঃ ৬৬/১০. সুরাহ আল-বাকারাহর ফ্যীলত

بابُ : فَضْل سورةِ البَقَرَةِ.

আরবী

حَدَّتَنَا أَبُو نُعَيْمٍ، حَدَّتَنَا سُفْيَانُ، عَنْ مَنْصُورٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ، عَنْ أَبِي مَسْعُودٍ ـ رضى الله عنه ـ قَالَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " مَنْ قَرَأَ بِالآيَتَيْنِ مِنْ آخِرِ سُورَةِ الْبَقَرَةِ فِي لَيْلَةٍ كَفَتَاهُ".

বাংলা

৫০০৯. আবূ মাস'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কেউ যদি রাতে সূরাহ বাকারার শেষ দু'টি আয়াত পাঠ করে, সেটাই তার জন্য যথেষ্ট। [৪০০৮] (আধুনিক প্রকাশনীঃ ৪৬৩৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৬৪২)

English

Narrated Abu Mas'ud:

The Prophet (ﷺ) said, "If somebody recited the last two Verses of Surat Al-Baqara at night, that will be sufficient for him."

হাদিসের শিক্ষা

- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। সূরা বাকারার শেষের দুইটি আয়াত প্রত্যেক রাতে পাঠ করার বিষয়টি হলো: সুখময় জীবন লাভ এবং সমস্ত প্রকারের অমঙ্গল থেকে সুরক্ষিত হওয়ার উপাদান।
- ২। সূরা বাকারার শেষের দুইটি আয়াত প্রত্যেক রাতে পাঠ করলে মহান আল্লাহর সাথে মুসলিম ব্যক্তির ভরসা



সঠিক পন্থায় দৃঢ় হয়।

৩। মুসলিম ব্যক্তির জন্য এই দুইটি আয়াত মুখস্থ করা উচিত। উক্ত আয়াত দুটি হলো এই যে, মহান আল্লাহ বলেছেন:

أَمَنَ الرَّسُواَلُ بِمَا اَ أَنازِلَ اِلَياهِ مِن اَ رَبِّهِ وَ الاَّمُواَعِنُوانَ اَ كُلُّ أَمَنَ بِاللَّهِ وَ مُلْبِكَتِهِ وَ كُتُبِهِ وَ رُسُلِهِ اَ لَا مُؤامِنُوانَ اَ كُلُّ أَمَنَ بِاللَّهِ وَ مُلْبِكَتِهِ وَ كُتُبِهِ وَ رُسُلِهِ اَ لَا مُعِانَا وَ اَطَعانَا *اَ غُفارَانَكَ رَبَّنَا وَ اِلَياكَ الاَّمَصِيانُ ﴿٢٨٥﴾ نُفَرِّقُ بَيانَ الرَّمَصِيانُ ﴿٢٨٥﴾

لَا يُكَلِّفُ اللّٰهُ نَفَاسًا إِلَّا وُساعَهَا ؟ لَهَا مَا كَسَبَت ؟ وَعَلَيهَا مَا اكْتَسَبَت ؟ وَبَنَا لَا تُوَاخِذ اَنَا اَلَا اَلَٰ اَوْ اَخْتَطَا اِنَا وَ لَا تَحامِل ؟ عَلَيهَنا ؟ اِصلاً الكَاتَسَبَت ؟ عَلَى الَّذِيكِنَ مِن ؟ قَبِالِنَا ؟ رَبَّنَا وَ لَا تَحامِل ؟ عَلَيهَنا ؟ اِصلاً الكَاتِةُ عَلَى الَّذِيكِنَ مِن ؟ قَبِالِنَا ؟ رَبَّنَا وَ لَا تُحَمِل ؟ عَلَيهَنا ؟ الله وَ الرَّحَمِانَا ؟ اَنْ الله عَلَي النَّا فَانا صَال الله عَلَي الله عَلَي الرَّحَمِانَا ؟ اَنْ الله عَلَي الرَّعَوا الله عَلَى الله عَلَى الله عَلَي الله عَلَي الله عَلَي الله عَلَى الله عَلَي الله عَلَي الله عَلَي الله عَلَى الله عَلَي الله عَلَي الله عَلَي الله عَلَي الله عَلَي الله عَلَى الله عَلَي الله عَلَيْ الله عَلَي الله عَلَى الله عَلَي الله عَلَي الله عَلَي الله عَلَي الله عَلَيْ الله عَلَيْ الله عَلَي الله عَلَي الله عَلَي الله عَلَي الله عَلَي الله عَلَيْ اللّه عَلَيْ الله عَلَيْ اللّه عَلَيْ الله عَلَيْ الله عَلَيْ الله عَلَيْ الله عَلَيْ الله

ভাবার্থের অনুবাদ: "আল্লাহর রাসূল তদীয় প্রতিপালকের পক্ষ হতে তৎপ্রতি যা কিছু অবতীর্ণ করা হয়েছে, তাতে সে বিশ্বাস স্থাপন করেছে। এবং তাতে বিশ্বাস স্থাপন করেছে প্রকৃত ঈমানদার মুসলিম জাতি। তারা সবাই সঠিক পস্থায় ঈমান স্থাপন করেছে আল্লাহর প্রতি, তাঁর ফেরেশতাগণের প্রতি, তাঁর গ্রন্থসমূহের প্রতি এবং তাঁর রাসূলগণের প্রতি। তারা সবাই বলে: আমরা মুসলিম জাতি আল্লাহর রাসূলগণের মধ্যে কোনো পার্থক্য সৃষ্টি করি না। কেননা আমরা তো সকল রাসূলগণের প্রতি সঠিক পন্থায় বিশ্বাস স্থাপন করেছি। তারা আরো বলে: আমরা আমাদের প্রতিপালকের বাণী শুনেছি এবং তা সাদরে বরণ করেছি। স্তরাং হে আমাদের প্রতিপালক! আপনি আমাদেরকে ক্ষমা করুন। আমাদেরকে আপনারই দিকে প্রত্যাবর্তন করতেই হবে। আল্লাহ কোনো ব্যক্তিকে তার সাধ্যের অতিরিক্ত কোনো কর্ম সম্পাদনের দায়িত্ব অর্পণ করেন না। সূতরাং সে ব্যক্তি যে সমস্ত সংকর্ম সম্পাদন করেছে, সে সমস্ত সৎকর্ম তার কল্যাণের জন্যই নির্ধারিত রয়েছে। এবং যে সমস্ত অপকর্ম সম্পাদন করেছে, সে সমস্ত অপকর্ম তার অমঙ্গলের জন্যই নির্ধারিত রয়েছে। তারা আরো বলে: হে আমাদের প্রতিপালক! আমরা যদি ভূলে যায় অথবা ভূল করি, তাহলে আপনি আমাদেরকে উভয় বিষয়ের শাস্তি না দিয়ে ক্ষমা প্রদান করুন। হে আমাদের প্রতিপালক! আপনি আমাদের উপর এমন বোঝার ভার অর্পণ করবেন না, যেমন বোঝার ভার অর্পণ করেছিলেন আমাদের পূর্ববর্তীগণের উপর। হে আমাদের প্রতিপালক! আপনি আমাদের উপর এমন গুরুভার অর্পণ করবেন না, যে গুরুভার বহন করার শক্তি আমাদের নেই। এবং আমাদের পাপ মোচন করুন, আমাদেরকে ক্ষমা করুন, আমাদের প্রতি কৃপা করুন। আপনি আমাদের সহায়ক। অতএব আপনি অমুসলিম সম্প্রদায়ের মোকাবেলায় আমাদেরকে সাহায্য করুন"।

(সূরা আল্ বাকারা, আয়াত নং ২৮৫ হতে ২৮৬ পর্যন্ত)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু মাসউদ আনসারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন